বাংলা গানের বিবর্তন

ডঃ উৎপলা গোস্বামী

উৎসর্গ

আমার সঙ্গীত গুরু

শ্রীনিত্যপ্রিয় ঘোষ দস্তিদার-এর

শ্রীচরণে

॥ আমার কথা ॥

আমার সংগৃহীত বাংলা গানের কিছু গানকে স্বরলিপির মাধ্যমে বাঁচিয়ে রাখার উদ্দেশ্যে এই গ্রন্থ রচনা করেছি। ব্যাপকার্থে বাংলা গান বলতে বিভিন্ন ধরণের বাংলা গানের সঙ্গে লোকসংগীত এবং রবীন্দ্রসংগীতকেও বোঝায়; কিন্তু বিভিন্ন সংগীত বিশ্ববিদ্যালয়-এ বাংলা গান বলতে লোকসংগীত এবং রবীন্দ্রসংগীত ছাড়া অন্যান্য বাংলা গানকেই ধরা হয়। আমি এই শ্রেণীবিন্যাসকে মেনে নিয়ে শুধুমাত্র বাংলা গানের সংকলনকে স্বরলিপিতে আবদ্ধ করেছি। এই গ্রন্থে পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে কর্তৃক প্রবর্ত্তিত স্বরলিপি পদ্ধতি অনুসৃত হয়েছে।

গ্রন্থটি রচনায় বিশেষ সহায়তা করার জন্য বিখ্যাত সংগীত-পুস্তক ব্যবসায়ী শ্রীশ্যাম চন্দ মহাশয়ের নিকট কৃতজ্ঞ। নানাভাবে প্রেরণা দিয়েছেন আমার মামণি শ্রীমতী অঞ্জলি ঘোষ দস্তিদার। সর্বোপরি গ্রন্থখানি রচনায় বিশেষভাবে যাঁর সক্রিয় সহযোগিতা এবং আশীর্বাদ আমার পাথেয় ছিল তিনি আমার সংগীত আচার্যদেব শ্রীনিত্যপ্রিয় ঘোষ দস্তিদার।

নিতান্ত অনিচ্ছা সত্ত্বেও এই প্রচেষ্টায় আপামর দৃষ্টিতে ত্রুটি দেখা দিলে আমি ক্ষমা পাব বলেই বিশ্বাস রাখি। পরিশেষে, কোন সংগীত শিল্পীর জীবনে এই গ্রন্থ সহায়ক হ'লে আমার প্রচেষ্টা সার্থক হয়েছে ব'লে মনে ক'রব।

উৎপলা গোস্বামী
অধ্যাপিকা,
রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়,
কলিকাতা।

"সুরের মায়া"
১১এ, তিলজলা রোড
কলিকাতা-৪৬

সূচী

বাংলা গানে সুর বৈচিত্র্য

বাংলার প্রকৃতিতে যেমন নানা বৈচিত্র্য, বাঙালীর গানেও তেমন বহু বৈচিত্র্য। বাংলার আকাশে বাতাসে ষড়-ঋতুর বিভিন্ন স্বভাব ধরা পড়ে বর্ষে বর্ষে। বঙ্গ-জননীর প্রকৃতিতে ঐ সব ঋতুর লীলা পৃথিবীর বার্ষিক গতির মত সুষ্ঠু নিয়মে চলতে দেখা যায়। ঠিক তেমনি বাঙালীর গানে বহু বিচিত্র সুর ও রীতির সমাবেশ থাকা সত্ত্বেও তাকে বাংলা গান বলে চিনে নিতে ভুল হয় না। কারণ সুর এবং রীতির যত বিচিত্রতাই বাংলা গানে এসে ভীড় করুক না কেন, বাংলা গান কখনও ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীতের মূল ভিত্তি-ভূমি থেকে সরে যায়নি। সর্বোপরি বাংলা গানের সেই আদি যুগ চর্যাপদের কাল থেকে আজ পর্যন্ত যে সুষ্ঠু নিয়মটি চলে আসছে, তা কথা ও সুরের মর্যাদায় সমান সমান। কথা ও সুরের হাত ধরাধরি করে এই যে চলা—এটাই বাঙালীর গানের বৈশিষ্ট্য ও স্বকীয়তা। এই বৈশিষ্ট্য ও স্বকীয়তাই তাকে চিরপ্রবহমান রেখেছে।

বাংলা গানের ঊষাকালে এ গাওয়া হ'ত 'চর্যাগান'। এই গানের মাধ্যমেই বৌদ্ধসিদ্ধাচার্যরা ধর্ম সম্পর্কে শিষ্যদের শিক্ষা দিতেন কিন্তু তাতে শুধু নীরস তত্ত্ব কথাই ছিল না কারণ প্রতিটি চর্যাপদের শীর্ষদেশে শাস্ত্রীয় রাগ-রাগিণীর নাম পাওয়া যায়। রাগরাগিণীর নামোল্লেখ থেকে তৎকালীন বাংলার সংগীতজ্ঞদের শাস্ত্রীয় সঙ্গীতের সঙ্গে গভীর পরিচিতির ইঙ্গিত পাওয়া যায়। পরবর্তী যুগে ক্রমে ক্রমে কবি জয়দেব তাঁর 'গীত গোবিন্দ'-এ, বড়ু চণ্ডীদাস তাঁর 'শ্রীকৃষ্ণ কীর্তন'-এ এবং মহাপ্রভুর আবির্ভাবের পর বৈষ্ণবপদকর্তাগণ তাঁদের সঙ্গীতের মাধ্যমে ঈশ্বর সাধনা তথা সুর-সাধনাকে একাকার করে দিয়েছেন। তাঁরা তাদের গানে ভারতীয় শাস্ত্রীয় রাগরাগিণী ও তাল-ছন্দের যে অভিনবত্ব ও চমৎকারিত্ব দেখিয়েছেন তা অতুলনীয়। বাংলা গান ভাবপ্রধান এবং সেই ভাবকে ফুটিয়ে তোলে সুর—সুরের সাহায্যে ভাব বিকশিত হয়। ভাবহীন সুরকে রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায় 'প্রাণহীন দেহ', বলতে হয়। সেই প্রাণহীন দেহের সাধনা বাংলা গানের আদৌ নয়। বাংলা গানের রীতি ও প্রকৃতি অনুসরণ করলে এর সত্যতা সহজেই অনুমেয়। জয়দেবের 'গীতগোবিন্দ', বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণ কীর্তন' এবং সহস্র সহস্র বৈষ্ণব পদাবলীর আবেদনই ভাবের আবেদন—কথার আবেদন। কিন্তু এই আবেদন একটা বিশেষ সুরের মাধ্যমেই প্রকাশিত। এই সুর ভারতীয় সঙ্গীতের মূল ভিত্তিতে প্রতিষ্ঠিত। মধ্যযুগে উত্তর-ভারতে উচ্চাঙ্গ সঙ্গীতের সরলীকরণের মধ্য দিয়ে ভক্ত-মনের আকুতি গীত হয়েছিল ভজন সঙ্গীতে। ভজন গান পদাবলী কীর্তনেরই দোসর তথাপি বাংলার পদাবলী কীর্তন তার নিজস্ব বৈশিষ্ট্যে উজ্জ্বল।

সপ্তদশ অষ্টাদশ শতাব্দীতে বাংলা গানের জগতে যাত্রা গান নবকলেবরে আসর জমায়। নীলকণ্ঠ মুখোপাধ্যায়, গোবিন্দ অধিকারী, কৃষ্ণকমল গোস্বামী প্রমুখ যাত্রাবিদ্‌গণ যাত্রাগানে বিশেষ খ্যাতি লাভ করেন। তাঁরা যাত্রায় যে গান ব্যবহার করতেন তাকে কীর্তন গান বলা না গেলেও কীর্তন-ভাঙা গান বলা যায়। সে গানে কীর্তন গানের মত আখর ব্যবহার করা হ'ত না, পরন্তু এতে শাস্ত্রীয় রাগরাগিনী অবশ্যই ব্যবহৃত হ'ত। এই সময় পাঁচালী গানও বিশেষ প্রচার লাভ করে। দাশরথী রায় পাঁচালী রচয়িতা হিসাবে বিশেষ খ্যাতি অর্জন করেন। পাঁচালী গানকে 'আবৃত্তি' বলা হলেও এতে একটা বিশেষ সুর পাওয়া যায়। গবেষকের বিচারে হয়তো সেখানেও কোন একটি বা একাধিক শাস্ত্রীয় রাগের অংশবিশেষ খুঁজে পাওয়া যাবে। অথবা মার্গ না হয়ে কোন দেশীসুর সেখানে সঞ্চরণশীল। এই যুগেই

বাংলা গানের ক্ষেত্রে এলেন রামপ্রসাদ সেন ও কমলাকান্ত ভট্টাচার্য্য। ভাব প্রধান এই সাধন অঙ্গের গানের মধ্যে বাঙালী এক নূতন সুরের স্বাদ পেলো—সে সুর প্রযোগ নৈপুণ্যে উচ্চাঙ্গ সঙ্গীতের ভূমিকা রক্ষা করেও লৌকিক আবেদন সৃষ্টি করেছে। রামপ্রসাদের গানে কোনও কৃত্রিমতা নেই। সারল্যে, সৌন্দর্য্যে ও মাধুর্য্যে গানগুলি পরিপূর্ণ। তাঁর এক একটি গান যেন এক একটি প্রসাদী ফুল। তার গানে বৈষ্ণবদের গানের সুর নূতন ভাবে ধরা পড়েছে। রামপ্রসাদের শ্যামা সঙ্গীতের সঙ্গে আগমনী ও বিজয়ার গান বাংলা গানের ক্ষেত্রে এক বিশিষ্ট সম্পদ।

বাংলা গানে উচ্চাঙ্গ সঙ্গীতের স্বরবিন্যাস কিছুটা আধিপত্য করলেও রাগরাগিনীর শাস্ত্রীয় গোঁড়ামি সেখানে কিছুটা শিথিল। বাংলা ভাষার স্বভাবের সংগে মার্গ সঙ্গীতের উচ্চাঙ্গ মেজাজ অবশ্যই নিজেকে সহজতর করে। শোরী মিয়াঁর টপ্পার রীতির অনুসরণে রচিত নিধুবাবুর বাংলা টপ্পায় সুরের ইন্দ্রজালই শুধু নেই, তার টপ্পায় কবিত্ব শক্তি বিশেষ ভাবে লক্ষণীয়। কথা ও সুরের সমান সমান মর্যাদা দেবার জন্য নিধুবাবু শোরীমিয়াঁর টপ্পা রীতির সূক্ষ্ম ও দ্রুত গতির তান-কর্তব এর পরিবর্তে মোটা দানার তান-এর প্রচলন করেন। টপ্পা রচয়িতা হিসাবে শ্রীধর কথক এবং কালী মীর্জাও বিশেষ খ্যাতি লাভ করেন। এই সময় বাংলা দেশে টপ-খেয়াল নামে এক প্রকার বাংলা গান প্রচলিত ছিল। এই গান টপ্পা ও খেয়াল রীতির মিশ্রণে সৃষ্ট। বাংলার এই টপ খেয়ালেও মোটা দানার তান ও গমক, গিটকিরির অপপ্রাব ছিল। টপ্‌ খেয়াল একান্ত ভাবে বাংলার নিজস্ব গায়ন রীতি। বাংলার দেবী মণ্ডপে ও বৈঠকখানায় শ্যামা সঙ্গীত, বাংলা টপ্পা এবং টপ্‌-খেয়াল প্রভৃতি বৈঠকী গানের সমাবেশ হ'ত। এই প্রকার গানে শাস্ত্রীয় রাগ হিসাবে জয়জয়ন্তী, বাগেশ্রী, ভীমপলশ্রী, সাহানা, বসন্ত, মূলতান, পূরবী প্রভৃতি রাগ এবং তাল হিসাবে ৮ মাত্রার যৎ, আড়াঠেকা, কাওয়ালী, মধ্যমান, ১২ মাত্রার একতাল (ত্রিমাত্রিক), পোস্তা, আড় খেমটা প্রভৃতির প্রচলন ছিল। স্বাতন্ত্র রক্ষার জন্য বাংলা গানে ব্যবহৃত রাগরাগিনীর স্বরসজ্জায় কিছু কিছু পার্থক্য দেখা যায়—যেমন বাংলা দেশের পূরবী, বসন্ত, বাগেশ্রী, ভৈরব, আশাবরী, সোহিনী, পঞ্চম প্রভৃতি রাগের স্বরকাঠামো উত্তর ভারতীয় হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতির রাগরূপের থেকে কিছুটা স্বতন্ত্র ছিল এবং এখনও কোন কোন রাগরূপে তা দেখা যায়। মূলতান ও ভীমপলশ্রীর রূপ নিয়ে মতভেদ তো ছিলই এবং প্রাচীন বাংলা গানের রাগরূপ ও গীতরীতি লক্ষ্য করলেই তা সহজে বোঝা যাবে।

বাংলা গানের ক্ষেত্রে ব্রহ্মসঙ্গীত (ঊনবিংশ শতাব্দী)-এর অবদান বিশেষ লক্ষণীয়। মহাত্মা রামমোহন মার্গ-সঙ্গীতকে জনসাধারণের মধ্যে প্রচার করার উদ্দেশ্যে ব্রাহ্মসমাজের উপাসনার বিশেষ অঙ্গ হিসাবে এই সঙ্গীত প্রচলিত করেন। বিশুদ্ধ মার্গসঙ্গীতের ভিত্তিতেই ব্রহ্মসঙ্গীত গীত হ'ত। রামমোহন রায়-এর গানগুলি ধ্রুপদ ও খেয়ালের সুর ও ছন্দ অবলম্বনে রচিত। পরবর্তী কালে রবীন্দ্রনাথ পর্যন্ত সকলেই হিন্দুস্থানী সঙ্গীতের ধারায় ব্রহ্মসঙ্গীত রচনা করেন। শুধু ব্রহ্মসঙ্গীত নয়, পরবর্তীকালের বাংলা গানে ভারতের প্রায় সব ক'টি শাস্ত্রীয় সঙ্গীত ধারার পূর্ণ সমন্বয় দেখা যায়।

আদিযুগ থেকেই বাংলা গান সুরের প্রযোগ কল্পনায় ভারতীয় মার্গসঙ্গীতের রাগরাগিনীকে অনুসরণ করেছে। মার্গসঙ্গীত সনাতন। এর আবেদন চিরন্তন। কিন্তু আধুনিক যুগের বাংলা গানে দেশী এবং বিদেশী সুরের যে মিশ্রণ দেখা যায় তার আবেদন ক্ষণস্থায়ী—কিন্তু সর্বজনীন মার্গসঙ্গীত মূলতঃ সুরের খেলা। এর আবেদনকে সময় বা কালের গণ্ডি দিয়ে সীমাবদ্ধ করা যায় না। মার্গসঙ্গীতের সবত্রই একটা সুনির্দ্দিষ্ট নিয়ম আছে। কিন্তু আধুনিক যুগের বাংলা গানের সুর স্বভাবের দিক থেকে এর বিপরীত, তা নিয়মের আওতার বাইরেই ঘোরাফেরা করে।

আধুনিক বাংলা সঙ্গীতের বৈশিষ্ট্য বলতে সুরমিশ্রণকেই বোঝায়। মিশ্রণ মাত্রেই অসুন্দর নয় এবং তাই রাগ-মিশ্রণটাও কিছু নূতন ব্যাপার নয়। ক্ষেত্রমোহন গোস্বামী তাঁর 'সঙ্গীতসার' গ্রন্থে ১০১টি রাগ মিশ্রণের দৃষ্টান্ত দিয়েছেন। কিন্তু মিশ্রণ সমর্থন করি বলে অসঙ্গত মিশ্রণকেও আমাদের সমর্থন করতে হবে এ কথা ঠিক নয়। এই অসঙ্গত মিশ্রণের ফলে বৈচিত্র্য হয়তো বাড়ে, কিন্তু সঙ্গে সঙ্গে সঙ্গীতকলার মান ব্যাহত হয়।

দেশী রাগের সঙ্গে পাশ্চাত্যের নানাবিধ সুরের মিশ্রণ ব্যবস্থা বাংলা গানে একটি ঐতিহ্যসম্পন্ন সম্পদ। রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল, অতুলপ্রসাদ, কাজী নজরুল—সকলেই বৈচিত্র্য আনবার জন্য বাংলা গানে বিদেশী সঙ্গীতের সুর ও ছন্দ এনেছেন। কিন্তু আধুনিক বাংলা গানের উৎসমুখ খুলে দিলেন রবীন্দ্রনাথ। তাঁর গানে বিবিধ সুরের মিশ্রণ থাকলেও তা মার্গসঙ্গীতের বিশুদ্ধ ছাচে ফেলেই তৈরী। বাংলার পল্লীসঙ্গীতের সুর, বিশেষভাবে বাউল, কীর্তন তো তিনি গ্রহণ করলেনই,—দেশীয় সুরের মিশ্রণের সঙ্গে তিনি বিদেশী সুরও আনলেন। সুরের অপূর্ব মিলনে বাংলার গানের জগতে সৃষ্টি হ'ল একটি বিশেষ সঙ্গীত রীতি।

এই সময় (বিংশ শতকের প্রথম থেকে) বাংলা গানের ক্ষেত্রে নব যুগের সূচনা দেখা দেয়। বাংলা গানে দ্বিজেন্দ্রলাল প্রথম পাশ্চাত্য সঙ্গীত রীতি আনলেন। দ্বিজেন্দ্রগীতি ভাষার বলিষ্ঠতায় এবং সুরের উদাত্ততায় চির অম্লান। তাঁর নাটকের গানগুলি বিশেষ জনপ্রিয়তা অর্জন করে।

রজনীকান্ত সেন টপ্পার সুরে এবং রাগমিশ্রণের সহায়তায় শান্তরসাশ্রিত ভক্তিমূলক গান রচনা করেন। তার গানে ছন্দ-বৈচিত্র্যের চমৎকারিত্ব বিশেষ ভাবে লক্ষণীয়।

অতুলপ্রসাদ সেন-ও তার রচিত বাংলা গানে শাস্ত্রীয় হিন্দুস্থানী গানের ঢং অনুসরণ করেছেন। বহু ক্ষেত্রে তিনি রাগমিশ্রণে মুন্সিয়ানার পরিচয় দিয়েছেন। তার গানে টপ্পার স্পর্শও পাওয়া যায়।

বহু-খা প্রতিভাধর কাজী নজরুল ইস্‌লাম তাঁর গানে শাস্ত্রীয় রাগরাগিনীর মিশ্রণ এবং নব নব সুর রচনায় লোকের মনে বিশেষ উদ্দীপনা সঞ্চার করেছেন। আরবীয় ও পারসীয় সঙ্গীতের সুরকে তিনি বাংলা গানে প্রয়োগ করেন। বাংলা ভাষায় গজল গান তারই অনন্য সৃষ্টি। সমসাময়িক কালে নাট্যকার গিরিশচন্দ্র ঘোষ তাঁর নাটকের প্রয়োজনে শত শত গান রচনা করেছেন। সে সব গানের সুর ও তাল ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীত রীতির অনুবর্তী। তাঁর গানের জনপ্রিয়তা আজও স্মরণীয়।

আধুনিক বাংলা গানের যুগেও যিনি গড্ডালিকা প্রবাহে দেহ না ভাসিয়ে সুর-রচনায় আপন স্বাতন্ত্র বজায় রাখতে পেরেছিলেন এবং সঙ্গীতকে নিম্ন স্তরে নামান নি—তিনি হলেন সুরসাগর হিমাংশু কুমার দত্ত। তাঁর সুরে করুণ রসের প্রাধান্য বেশী। হিমাংশু কুমারের সুর-রচনা রাগসঙ্গীতের ওপর প্রতিষ্ঠিত। তিনি পাশ্চাত্য সুরও গ্রহণ করেছিলেন। আজকের অতি আধুনিক যুগেও তার শান্ত-স্নিগ্ধ সুরের মায়াজাল শ্রোতার মনকে আকর্ষণ করে।

প্রথম বাংলা গান—চর্যাপদ

খৃষ্টীয় দশম শতাব্দী থেকে বাংলা সাহিত্যের সূচনা এবং দ্বাদশ শতাব্দীর শেষ পর্যন্ত বাংলা সাহিত্যের আদি যুগ বিস্তৃত। এই আদি যুগের বাংলা ভাষায় রচিত সাহিত্যের একমাত্র নিদর্শন চর্যাপদ। সুতরাং শুধু সাহিত্যের প্রথম পদক্ষেপ নয়, এই পদগুলি দিয়েই বাংলা গানেরও সুরু। চর্যাপদ গীত-এর আকারে লেখা পদের সমষ্টি। ভারতে আগত আর্যদের সাহিত্যের ভাষার নিদর্শন বেদ, আর বৈদিক যুগের জনসাধারণের কথ্য ভাষা "প্রাকৃত"। সেই ভাষা পরিবর্তিত হ'তে হ'তে কতকগুলি আঞ্চলিক প্রাকৃত ভাষার রূপ ধারণ ক'রল। এই প্রাকৃত ভাষাগুলি কালক্রমে ভেঙে আবার বিভিন্ন প্রদেশে আঞ্চলিক ভাষায়—যেমন বাংলা, আসামী, ওড়িয়া, গুজরাটী, মারাঠী প্রভৃতিতে পরিণত হ'ল। আধুনিক ভাষায় রূপ গ্রহণ করার ঠিক আগে প্রাকৃতের যে অর্বাচীন রূপ ছিল তার নাম 'অপভ্রংশ' ভাষা। সেন রাজাদের সময়ে এবং তার আগে বাংলা দেশে এই অপভ্রংশ ভাষায় সাহিত্য চর্চা হ'ত। কিন্তু রাজসভায় বা পণ্ডিত মণ্ডলীর মধ্যে এই ভাষার সমাদর ছিল না। তবে সাধারণ লোকের মধ্যে এবং বৌদ্ধ সহজপন্থী ও শৈব নাথপন্থী গুরু-শিষ্যদের মধ্যে এই ভাষার সমাদর ছিল। তাঁরা এই ভাষায় গান লিখতেন এবং তাঁদের গানগুলিই বাংলা ভাষায় সর্বপ্রথম রচনা। এই সময়টায় অর্থাৎ খৃষ্টীয় দশম-একাদশ-দ্বাদশ শতাব্দীতে অপভ্রংশ থেকে বাংলা ভাষা জন্মগ্রহণ করে।

বৌদ্ধ সিদ্ধাচার্যরা এই ভাষায় তাঁদের সাধনার সঙ্কেত লিখে রেখে গেছেন শিষ্যদের শিক্ষার জন্য। তাঁরা তাঁদের গানগুলিকে বলেছেন 'চর্যাগীতি' বা 'চর্যাপদ'। (১) প্রত্যেক চর্যাপদের শীর্ষদেশে রাগরাগিণীর উল্লেখ রয়েছে। যেমন— পটমঞ্জরী, বরারী, মল্লার, মালশী, বলাড্ডি, ভৈরবী, শবরী, দেবক্রী, প্রভৃতি। প্রত্যেক গানের শেষে ভণিতায় পদকর্তাদের নামের উল্লেখ আছে। বৌদ্ধ সিদ্ধাচার্য লুইপাদ র'চত "কাআ তরুবর পঞ্চ বি ডাল"—চর্যাপদটির শীর্ষদেশে পটমঞ্জরা রাগের নাম পাওয়া যায়। (২) আমি এই পদটির স্বরলিপি সাজাবার প্রচেষ্টা নিয়েছি উক্ত রাগকেই ভিত্তি করে।

১। "পদ ও তাল—এই দুটি অঙ্গযুক্ত বলে চর্যাকে বলা হতো তারাবলী জাতীয় গান"—স্বামী প্রজ্ঞানানন্দ, পদাবলী-কীর্ত্তনের ইতিহাস, পৃঃ ৩১।

২। মনীন্দ্রমোহন বসু কৃত অনুবাদ 'চর্যাপদ' গ্রন্থ পৃঃ ১।

চর্যাপদ (চর্যাগান)—লুইপাদ

কাআ তরুবর পঞ্চ বি ডাল ।
চঞ্চল চীএ পইঠা কাল ॥
দিঢ় করিঅ মহাসুই পরিমাণ ।
লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ ॥
সঅল সমাহিঅ কাহি করিঅই ।
সুখ-দুখেতেঁ নিচিত মরিঅই ॥
এড়ি এউ ছান্দক বান্ধ করণক পাটের আস ।
সুনুপাখ ভিতি লেহুরে পাস ॥
ভণই লুই আম্হে ঝাণে দিঠা ।
ধমণ চমণ বেণি পিণ্ডি বইঠা ॥

[ভাবার্থ—প্রাণীদেহকে যদি বৃক্ষের সঙ্গে তুলনা করা হয় তবে তার পাঁচটী ডাল অর্থাৎ পঞ্চকর্মেন্দ্রিয় রূপ পাঁচটী শাখা। বিষয়ের আকর্ষণে চিত্তের চঞ্চলতায় নানাবিধ দুঃখ ভোগ ক'রে মানুষকে কালের কবলে পড়তে হয়। কিন্তু চঞ্চলতাকে দূরে স'রিয়ে মহাসুখ বা নিত্যানন্দ লাভের জন্য দৃঢ়চিত্ত হ'তে হবে। গুরুকে জিজ্ঞাসা ক'রে একথা জানবার জন্য লুইপাদ নির্দেশ দিচ্ছেন। সমাধিতে সুখ এবং সমাধিভঙ্গে দুঃখ—সুতরাং সমাধি চিরস্থায়ী সুখ লাভের একমাত্র উপায় নয়। বাসনার বন্ধন এবং ইন্দ্রিয়তৃপ্তির আশাই দুঃখের কারণ। অতএব সমাধি দ্বারা দুঃখের মূল কারণ বাসনাকে নিবৃত্তি করার জন্য শূন্যতত্ত্ব বা জগতের অসারতা উপলব্ধি করার চেষ্টা করা উচিত। সিদ্ধাচার্য লুইপাদ একথা ধ্যানের মাধ্যমে সম্যক জেনে বলছেন যে, তিনি গ্রাহ্য বা ভব, গ্রাহক বা মননেন্দ্রিয়াদিরূপী দুই পিঁড়ীতে অর্থাৎ আসনে বসে ভব বিকল্পাদি দ্বারা আর বিচলিত হন না।]

রে	গ̱	রে	গ̱	ম	গ̱	রে	সা	রে	সা	নি̱̣	ধ̣	প̣	সা
কা	S	আ	ত	রু	ব	র	প	S	ঞ্চ	বি	S	ডা	ল
নি̱̣	সা	রে	নি̱̣	সা	রে	প	ধ	প	ধ	ম	প	মগ̱	রে
চ	ন্S	চ	ল	S	চী	এ	পৈ	S	ঠা	কা	S	ল	S
সা	প	প	প	প	ধ	প	ম	ধ	প	গ̱	রে	গ̱	গ̱
দি	ঢ়	ক	রি	অ	ম	হা	সু	S	খ	প	রি	মা	ন

রে গ গ | সা রেরে | নি সা | সা বে সা | নি ধ | প প
লু S ই | ভ ণই | গু রু | পু চ্ ছি | অ S | জা ণ

ম প প | সা সা | সা সা | সা রে সা | রে গ | গ গ
স অ ল | স মা | হি অ | কা S হি | ক রি | অ ই

সা রে সা | নি ধ | প ধ | প সা নি | ধ প | গ গ
সু S খ | দু S | খে তেঁ | নি চি ত | ম রি | অ ই

রে ম প | সা সা | সা সা | সা বে সা | নি ধ | প —
এ S ডি | এ উ | ছা ন | দ S ক | বা ন্ | ধ S

প ধ প | গ বে | ম ম | প সা ধ | সা সা | সা সা
ক র ণ | ক S | পা S | টে S র | আ S | S স

ম প প | সা সা | সা সা | সা নি নি | সা রে | গ গ
সু S মু | পা খ | ভি তি | লে S S | ছু রে | পা স

রে গ ম | গ বে | সা সা | রে সা নি | ধ প | গ গ
ভ ণ ই | লু ই | আ ম | হে S S | ঝা গে | দি ঠা

গ গ গ | রে গ | সা রে | গ ম গ | রে বে | সা সা
ধ ম ণ | চ S | ম ণ | বে ণি পিণ্ | ডি ব | ই ঠা

জয়দেবের 'গীতগোবিন্দ'

বাংলা সাহিত্য ও সঙ্গীতের ইতিহাসে আনুমানিক ১১১৯—১২০৫ খৃষ্টাব্দে লক্ষণসেন দেবের সভাকবিদের অন্যতম জয়দেব গোস্বামী আদি ও মধ্যযুগের অপরিহার্য সেতুরূপে বিরাজমান। তার রচিত 'গীতগোবিন্দ'-এর পদাবলীর ভণিতা থেকে জানা যায় যে, তার জন্মস্থান বা বাসস্থান ছিল কেন্দুবিল্ব। বর্ধমান বীরভূম সীমান্তে অজয়ের ধারে তখনকার কেন্দুবিল্ব আজ 'জয়দেব কেন্দুলী' নামে পরিচিত। তাঁর পিতার নাম ভোজদেব, মাতার নাম বামাদেবী এবং পত্নীর নাম পদ্মাবতী।

শোনা যায়, লক্ষ্মণসেন দেবের সভা-কবিরূপে অবস্থান কালেও জয়দেব বেশ কিছুদিন তীর্থ পর্যটন করেন। পুরীতে জগন্নাথদেবের মন্দিরেও তিনি বেশ কিছুদিন বাস করেছিলেন। মতান্তরে কবি জয়দেবকে ওড়িয়া বলে' দাবী করা হয়। এখন পর্যন্ত পুরীর মন্দিরে গীতগোবিন্দ নিয়মিতভাবে গাওয়া হয়ে থাকে। পূর্বসূরীদের মতে কবি জয়দেব সঙ্গীতে বিশেষ পণ্ডিত ছিলেন। 'সেকেশুভোদয়া' ও সংস্কৃত 'ভক্তমালা' গ্রন্থে তার পরিচয় আছে। কবিপত্নীও সঙ্গীতে নিপুণা ছিলেন বলে জানা যায়।

মহাকবি কালিদাসের পরবর্তী সংস্কৃত সাহিত্যের শ্রেষ্ঠ গীতিকবি জয়দেব। জয়দেবের গীতগোবিন্দ' এ চব্বিশটি সংস্কৃত পদ কতকগুলি অল্পবিস্তর প্রাসঙ্গিক সংস্কৃত শ্লোকে গ্রথিত হয়ে বারটি সর্গসমন্বিত কাব্যরূপে উপস্থাপিত হয়েছে। 'রাধামাধবযোর্জয়ন্তি যমুনাকুলে রহঃকেলয়ঃ'—যমুনা কূলে রাধামাধবের বিজন কেলিকে বন্দনা করে জয়দেবই সর্বপ্রথম বাংলা দেশে বৈষ্ণব গীতিকবিতার রসস্রোতকে বইয়ে দিয়েছিলেন। জয়দেবের সুমধুর পদাবলী বাঙালীর সাহিত্যধারাকে সঞ্জীবিত এবং গীত তরঙ্গে হিল্লোলিত করেছে। ক্রমশঃ বড়ু চণ্ডীদাস (শ্রীকৃষ্ণকীর্তনের রচয়িতা) থেকে শুরু করে রবীন্দ্রনাথ পর্যন্ত সকলের কাব্যেই জয়দেবের অনুসরণ কোথাও না কোথাও বেজে উঠেছে।

গীতগোবিন্দের পদাবলীর রাগ ও তাল নিয়ে সঙ্গীতশাস্ত্রী সুরেশচন্দ্র চক্রবর্তী তার একটি প্রবন্ধে ['বিশ্ববাণী', ফাল্গুন, ১৩৫৮] আলোচনা করেছেন। তিনি প্রত্যেকটি গান বিশ্লেষণ করে দেখিয়েছেন যে, এই সব গানে মোট ১২টি রাগ (গুর্জরী, দেশবরাড়ী, বসন্ত, রামকিরী, মালবগৌড়, কর্ণাট, দেশাখ, গোণ্ডকিরী, মালব, ভৈরব, বরাড়ী, বিভাস) এবং পাঁচটি তালের (যতি, একতালী, রূপক, নিঃসার, অষ্টতাল) উল্লেখ রয়েছে। যে সব তাল বাংলাদেশে গীতগোবিন্দ-এ ব্যবহৃত হয়, সঙ্গীত শাস্ত্রী পণ্ডিত ভাতখণ্ডের মতে সেগুলি দক্ষিণ ভারতীয়। শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায় কর্তৃক রচিত "কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ" গ্রন্থে গীতগোবিন্দ-এর প্রথম সর্গ-এ (পৃ—৭) গীতম্ ॥ ১ ॥ (প্রলয়-পয়োধিজলে ধৃতবানসি বেদং)-এর শীর্ষদেশে লেখা আছে, "মালব রাগেণ রূপকতালেন চ গীয়তে"। আমার এই স্বরলিপি গ্রন্থে ঐ নির্দেশ মেনে উক্ত গানটির স্বরলিপি করেছি (গীতটির অর্থ সহযোগে)।

রাগ ও তাল—"মালবরাগেণ রূপকতালেন চ গীয়তে"

প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং
বিহিতবহিত্রচরিত্রমখেদম্ ॥
কেশব, ধৃতমীনশরীর, জয় জগদীশ হরে ॥

[এক সময় মহাপ্রলয়ে সাগরের জলে পৃথিবীর সমস্ত সম্পদের সঙ্গে 'বেদ'-ও ভেসে চলেছিল। মৎস্যরূপ ধারণ করে ভগবান নিজের পিঠে বহন করে নিমজ্জমান বেদকে রক্ষা করেন। দশ অবতার রূপের বর্ণনায় মহাকবি জয়দেব গোস্বামী বলেন,— হে কেশব, হে জগদীশ, হে হরে! তুমি প্রলয়-সাগর জলে নৌকারূপে অনায়াসে বেদ সমূহকে ধারণ কর। মৎসরূপধারী তোমার জয় হোক'।]

সা গ ম | ধধ পপ ধধ মম | ধধ পপ ম | পপ মগ পপ,ম গরেসা |
প্র ল য় | পয়ো ধিS জS লেS | ধৃS SS ত | বাS নসি বেSS দংS |

সা নি ধ | প সাসা রেরে সাসা | সা মম ম | গরে গগগ রেরে সাসা |
বি হি ত | ব হিS ত্রS SS | চ রিS S | ত্রম খেSS দS Sম্ |

ম ধ প | সাসা সাসা সাসা সাসা | রে রে সা | রেরেসা নিনি ধধ প |
কে শ ব | ধৃS Sত SS SS | মী ন শ | রীSS রেS SS S |

সাসা নিনি ধপ | ধপ মগ রেরে সাসা | ধপ মগ রেরে | সাম গরে সানি সাসা |
জয় জS গS | দীS শS হS রেS | জয় জ গS | দীS শS হS রেS |

ক্ষিতিরতিবিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে।
ধরণিধরণকিণচক্রগরিষ্ঠে ॥
কেশব, ধৃতকূর্মশরীর, জয় জগদীশ হরে ॥

[পৃথিবী যাতে প্রলয়ের জলে নিমজ্জিত না হয় সেজন্য ভগবান কূর্মমূর্তি ধরে পৃথিবীকে নিজের পিঠে বহন করেন। হে কেশব, হে জগদীশ, হে হরে! তোমার অতি বিপুল পৃষ্ঠদেশে পৃথ্বী স্থিরা হয়েছেন। সেই ধরণী-ধারণের জন্যই তোমার পৃষ্ঠে শুষ্ক কঠিন ব্রণচিহ্ন। কূর্মরূপধারী তোমার জয় হোক।]

সা- ধ- প- | সা- সাসা সাসা সাসা | নি- ধ- প- | সাসা রেরে গগ রেসা |
ক্ষিS তিS রS | তিS বিপু লত রেS | তিS ষ্ঠS তি | তS বপৃ Sষ ঠেS |

রে সা নি | সাম গগ রেরে সাসা | নিসা রেরে সানি | সানি নিধ ধপ পম |
ধ র নি | ধর ণS কিS ণS | চS SS ক্রS | গS রিষ্ টৈS SS |

নিসা মম গগ | ধধ ধধ ধপ পপ | সারে রেরে সাসা | রেরেসা নিনি ধধ প |
কেS শS বS | ধৃS Sত SS SS | কূS Sর্ম Sশ | রীSS রS SS S |

সাসা নিনি ধপ | ধপ মগ রেরে সাসা | ধপ মগ রেরে | সাম গরে সানি সাসা |
জয় জS গS | দীS শS হS রেS | জয় জS গS | দীS শS হS রেS |

বসতি দশনশিখরে ধরণী তব লগ্না ।
শশিনি কলঙ্ককলেব নিমগ্না ॥
কেশব, ধৃতশূকররূপ, জয় জগদীশ হরে ॥

[সৃষ্টির আদিকালে আর একবার সমস্ত বিশ্ব প্রলয়ের জলে ভেসে যায়। মেদিনী দেবী ভীতা হয়ে রসাতলে পলায়ন করেন। তখন ভগবান বরাহ মূর্তি ধারণ করে রসাতল থেকে মেদিনীকে নিজ দন্তের ওপর ধারণ ক'রে উদ্ধার করে নিয়ে আসেন। হে কেশব, হে জগদীশ, হে হরে! স্বয়ং ধরণী তোমার দশন-শিখরে বিলগ্না হয়ে শশি-নিমগ্না-কলঙ্ক-কলাবৎ বাস করেন। শূকররূপধারী তোমার জয় হোক।]

সা প সা | ম গ রে গ | রে - - | সা সা নি সা |
ব স তি | দ শ ন শি | খ S S | রে S S S |

সা নি ধ | প - - প | সা নি ধ | প - - - |
ধ র ণী | S S S ত | ব ল S | গ্ না S S |

প সা সা | সা রে- রে সা | নি ধ প | ধ সা -সা নি |
শ শি নি | ক লং ক ক | লে ব S | নি ম Sগ না |

| নি সা গ | রেরে সানি নিসা -- | নি সা নি | পসানি ধ- পপ ম |
| কে শ ব | ধৃS Sত SS SS | শু ক র | রূSS পS SS S |

| রেসা নিধ পসা | নিধ পপ মম গগ | নিনি ধধ পম | গরে সাম গরে সাসা |
| জয় জয় জগ | দীশ হS রেS SS | জয় জয় জগ | দীশ হS রেS SS |

তব কর-কমলবরে নখমদ্ভুতশৃঙ্গং ।
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গম্ ॥
কেশব, ধৃতনরহরিরূপ, জয় জগদীশ হরে ॥

[ভক্ত বালক প্রহ্লাদের মর্যাদা রক্ষার জন্য ভগবান অর্ধেক মানুষ এবং অর্ধেক সিংহের মূর্তিতে ভয়ঙ্কর দানব হিরণ্যকশিপুকে বধ করেন। কারণ হিরণ্যকশিপু-র বর ছিল যে, কোন মানুষের হাতে সে মরবে না। তাই ভক্তের মান রক্ষা করার জন্য ভগবানকে অর্ধ-মানব এবং অর্ধ-পশু-র রূপ ধারণ করতে হয়। হে কেশব, হে জগদীশ, হে হরে। তোমার কর-কমলের অদ্ভুত নখশৃঙ্গে হিরণ্যকশিপু-র দেহ-ভৃঙ্গ বিদলিত হয়। নরসিংহরূপধারী তোমার জয় হোক।]

| সা প প | গগ পপ গগ রেসা | সা ধ ধ | প- মগ পগ রেসা |
| ত ব ক | রS কম লS বরে | ন খ মদ্ | ভুS তS শৃং গং |

| ধ প ধ | সাসা সাসা পপ সাসা | সা রে সা | রেসা নিধ প ধ |
| দ লি ত | হিS রS ণ্যS SS | ক শি পু | তনু ভৃং গ ম্ |

| সা সা সা | গগ রেরে সাসা নিসা | নি সা নি | রেরে নিনি ধধ পপ |
| কে শ ব | ধৃS SS তS SS | ন র হ | রিS SS রূS পS |

| সা সা নি | ধপ মগ রেরে সাসা |
| জ S য় | জগ দীশ হS রেS |

ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন ।
পদনখনীরজনিতজনপাবন ॥
কেশব, ধৃতবামনরূপ, জয় জগদীশ হরে ॥

[বলিরাজ দৈত্যের ছিল প্রচণ্ড দম্ভ যে, তার চেয়ে বড় দাতা আর ত্রিভুবনে নেই। সাত্ত্বিকতার দম্ভেও সে গর্বিত। সেই দম্ভ দূর করার জন্য ভগবান ক্ষুদ্র বামনের মূর্তিতে বলির কাছে এসে মাত্র ত্রি-পাদ ভূমি প্রার্থনা করেন। বলি সেই সামান্য প্রার্থনা শুনে অবজ্ঞায় হেসে ওঠে এবং তৎক্ষণাৎ তা দেবার প্রতিশ্রুতি দেয়। তখন ভগবান বামনমূর্তি পরিত্যাগ করে দুই বিশাল, বিরাট পদক্ষেপে স্বর্গ আর মর্তকে পরিব্যাপ্ত করেন। তৃতীয় পদ স্থানাভাবে বলির মাথার ওপর স্থাপন করেন। সেই বিশাল পদের চাপে বলি পাতালে নিমজ্জিত হয়ে যায়।
হে কেশব, হে জগদীশ, হে হরে! অদ্ভুত বামনরূপে তুমি ত্রিপাদ ভূমি প্রার্থনায় দৈত্যরাজ বলিকে ছলনা কর। তোমার পদনখস্পৃষ্ট নীর (ব্রহ্মার নিকট থেকে পাওয়া পাদ্য অর্থাৎ গঙ্গাবারি) লোকসমূহের পবিত্রতা বিধান করেছে। বামনরূপধারী, তোমার জয় হোক।]

সা-	সা	ম	গ	রে	পগ	রেসা	সা	ধ	ধধ	প	ম	সাগ	পপ
ছল	য়	সি	বি	ক্র	মS	ণেS	ব	লি	মদ্	ভু	ত	বাম	নS
প	ধ	ম	গগ	রেরে	সা	প	প	ম	গ	পম	গরে	মগ	রেসা
প	দ	ন	খS	SS	নী	র	জ	নি	ত	জন	পাS	বS	নS
ম	ধ	প	সাসা	সাসা	গগ	রেসা	নি	সা	ধ	পপ	পপ	সাসা	নিনি
কে	শ	ব	ধৃS	SS	তS	SS	বা	ম	ন	রূS	SS	পS	SS
সাসা	নিনি	ধধ	পপ	নিনি	ধপ	মম	ধধ	পপ	মম	গগ	পগ	রেরে	সাসা
জয়	জয়	জয়	জগ	দীS	শহ	রেS	জয়	জয়	জয়	জগ	দীS	শহ	রেS

ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং ।
স্নপয়সি পয়সি শমিতভবতাপম্ ॥
কেশব, ধৃতভৃগুপতিরূপ, জয় জগদীশ হরে ॥

[মাতার অপমানে ক্রোধান্বিত পরশুরাম পৃথিবীকে নিঃক্ষত্রিয় করার প্রতিজ্ঞা করেন। ক্ষত্রিয়রা যখন নিজেদের বাহুবলের দম্ভে ক্ষিপ্ত হয়ে নিজেদের কর্তব্য ভুলে যায়, তখন পরশুরাম উপযুক্ত শিক্ষা দেবার জন্যই

বাহুবলে ক্ষত্রিয়দের উচ্ছেদ করেন। হিংসার অভ্যাস ক্রমশঃ বৃদ্ধি পেতে থাকে। অবশেষে ক্ষত্রিয়রূপধারী শ্রীরামচন্দ্রের কাছে পরশুরাম পরাভূত হন। হে কেশব, হে জগদীশ, হে হরে। তুমি ক্ষত্রিয়বিনাশ ক'রে সেই শোণিত-সলিলে স্নান করিয়ে ধরণীর পাপ দূর কর এবং তাপ প্রশমিত কর। পরশুরাম-রূপধারী তোমার জয় হোক।]

সা	সা	সা	র্রেসা	নিধ	সানি	ধপ	সা	গ	ম	নিনি	ধপ	মধ	পপ
ক্ষ	ত্রি	য়	রুধি	রম	য়েS	SS	জ	গ	দ	পগ	তS	পাS	পং

সা	ম	ম	মম	মম	পম	গ-	সা	ধ	ম	পম	গগ	রেরে	রেসা
স্ন	প	য়	সিS	SS	পয়	সিS	শ	মি	ত	ভব	তাS	পম্	SS

সা	সা	সা	সাসা	সাসা	সাসা	সাসা	নি	রে	নি	সাসা	নিনি	ধধ	পপ
কে	শ	ব	ধৃS	SS	তS	SS	ভৃ	গু	প	তিS	SS	রুS	পS

সাসা	গগ	মম	ধপ	সানি	ধধ	পপ	মম	নিনি	ধধ	পপ	মগ	রেরে	সাসা
জয়	জয়	জয়	জগ	দীশ	হS	রেS	জয়	জয়	জয়	জগ	দীশ	হS	রেS

বিতরসি দিক্ষু রণে দিক্‌পতিকমনীয়ং।
দশমুখমৌলিবলিং রমণীয়ম্ ॥
কেশব, ধৃতরামশরীর, জয় জগদীশ হরে ॥

[শ্রীরামচন্দ্র রাক্ষসরাজ দশাননকে বধ ক'রে পৃথিবী থেকে দৈত্যপীড়ন দূর করেন। হে কেশব, হে জগদীশ, হে হরে! তুমি দিক্‌পতিগণের আকাঙ্ক্ষিত রাবণের দশ মস্তক যুদ্ধক্ষেত্রের দিকে দিকে রমণীয় বলিস্বরূপ অর্পণ কর। রামরূপধারী তোমার জয় হোক]

সা	নি	ধ	প-	সা-	রেরে	সাসা	সাসা	ম	প	মগ	রেম	গগ	রেসা
বি	ত	র	সিS	দিক্ষু	রS	ণেS	দিক্	প	তি	কম	নীS	য়ং	SS

সা ধ ধ | পম গ- ম- প- | সা - - | রে রে সানি সা- |
দ শ মু | খS মৌলি বS লিং | কে শ ব | ধৃ S তS SS |

গ রে গ | সা নি সা - | সা- নি- ধ- | পসা নিধ পম গ- |
রা S ম | শ রী র S | জয় জয় জয | জগ দীশ হS রেS |

ধ- প- ধ- | মঃ পম গরে সা- |
জয় জয় জয | জগ দীশ হS রেS |

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং ।
হলহতিভীতিমিলিতযমুনাভম ॥
কেশব, ধৃতহলধররূপ, জয় জগদীশ হরে ॥

[শ্রীরামচন্দ্র নবদূর্বাদলশ্যামবর্ণ, শ্রীকৃষ্ণ শ্যামবর্ণ, বলরাম হলেন শুভ্রতনু। হল তাঁর আয়ুধ। কৃষকের দেবতা তিনি। হে কেশব, হে জগদীশ, হে হরে! তুমি শুভ্র দেহে জলদবর্ণ যে বসন পরিধান কর তা কর্ষণভয়ে তোমার সঙ্গে মিলিতা যমুনার নীলকান্তিই প্রকাশ করে। হলধর রূপধারী তোমার জয় হোক।]

সা রে সা | ধপ ম- গ- প- | সা নি ধ- | পসা -- মগ মম |
ব হ সি | বপু ষিS বিশ দেS | ব স নং | জS লS দাS ভং |

সা গ প | সা- নিধ পরে সা | নি ধ প | সা ম গধ প- |
হ ল হ | তিS SS ভীS তি | মি লি ত | য মু নাS ভম্ |

সা - - | সা- পসা রেরে সাসা | প গ প | পপ গনি ধ- প |
কে শ ব | ধৃS SS তS SS | হ ল ধ | রS SS রূS প |

সা-	নি-	ধ-	পধ	পসা	নিধ	প-	সা-	মম	গ-	রেসা	পগ	গরে	সা-
জয়	জয়	জয়	জগ	দীS	শহ	রেS	জয়	জয়	জয়	জগ	দীS	শহ	রেS

নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং ।
সদয় হৃদয়দর্শিতপশুঘাতম্ ॥
কেশব, ধৃতবুদ্ধশরীর, জয় জগদীশ হরে ॥

[এক সময় ভারতবর্ষে হিন্দু এবং বৌদ্ধদের মধ্যে তুমুল বিবাদ ছিল। বুদ্ধদেব বৈদিক যজ্ঞের বিরুদ্ধে অহিংসা ধর্ম্ম প্রচার করায় ব্রাহ্মণেরা তাঁর ওপর কুপিত হন। হে কেশব, হে জগদীশ, হে হরে। যজ্ঞে পশুবধ দর্শনে করুণাপরবশ হ'য়ে তুমি যজ্ঞবিধির প্রবর্তক শ্রুতি (বেদ) সমূহের নিন্দা কর। বুদ্ধ-রূপধারী তোমার জয় হোক।]

পপ	গ-	রেসা	ন-	ধ	পপ	সা	সা	ধ	ধ	প	ম	গসা	প-
নিন্	দS	সিS	যS	জ্ঞ	বিS	ধে	র	হ	হ	শ্রু	তি	জাS	তং

সা	গ	ম	ধ	পপ	সারে	সাসা	সা	গ	রে	সা	ম	গরে	সা-
স	দ	য়	হৃ	SS	দS	য়S	দ	র্শি	ত	প	শু	ঘাS	তম্

সা	-	-	নি-	ধ-	পপ	সাসা	সা	নি	রে	নি	ধ	প-	ম-
কে	শ	ব	ধৃS	SS	তS	SS	বু	S	দ্ধ	শ	S	রীS	রS

গ-	প	ধ	গ	ধ	পপ	মগ	সা-	গ	ম	সা	প	মগ	রেসা
জয়	জ	গ	দী	শ	হS	রেS	জয়	জ	গ	দী	শ	হS	রেS

ম্লেচ্ছ-নিবহ-নিধনে কলয়সি করবালং ।
ধূমকেতুমিব কিমপি করালম্ ॥
কেশব, ধৃতকল্কিশরীর, জয় জগদীশ হরে

[পুরাণের ভবিষ্যৎবাণী অনুসারে কলিযুগে অনাচারী ম্লেচ্ছদের দ্বারা ধরিত্রী পরিপূর্ণ হয়ে যাবে। তখন পৃথিবীকে পুণরায় পাপমুক্ত করার জন্য ভগবান উন্মুক্ত তরবারি হস্তে কল্কিরূপে দেখা দেবেন। হে কেশব, হে জগদীশ, হে হরে ; ম্লেচ্ছদের বধ করার জন্য তুমি ধূমকেতুর ন্যায় করালী তরবারী নিষ্কাশিত করেছ। কল্কিরূপধারী তোমার জয় হোক।]

সা	নি-	সা	ধপ-	ধ-	মগ	পপ	সা	গ-	পপ	সাসা	নিধ	পসা	পপ
ম্লে	Sচ	ছ	নিব	হS	নিধ	নেS	ক	লS	য়S	সিS	কর	বাS	লং
নি	ধ	প	ধধ	পপ	মম	গগ	সা	ম	গ	ধপ	মগ	রেসা	-সা
ধূ	ম	কে	তুS	SS	মিS	বS	কি	ম	পি	কS	রাS	লম্	SS
সা	-	-	প	সা-	রেরে	সা	গ	-রে	ম	গ	রে	সা-	-
কে	শ	ব	ধৃ	SS	তS	S	ক	Sল	কী	শ	S	রীS	র
সা-	রে-	সা-	নিধ	পসা	নি-	ধপ	সা-	ধ-	প-	সা-	রেরে	সা-	--
জয়	জয়	জয়	জগ	দীশ	হS	রেS	জয়	জয়	জয়	জগ	দীশ	হS	রেS

শ্রীজয়দেবকবেরিদমুদিতমুদারং।
শৃণু সুখদং শুভদং ভবসারম্॥
কেশব, ধৃতদশবিধরূপ, জয় জগদীশ হরে॥

[হে কেশব, হে দশবিধরূপধারী, হে জগদীশ, হে হরে! তোমার জয় হোক। শ্রীজয়দেব কথিত সুখদায়ক, শুভদায়ক, সংসারের সার-রূপ এই মনোহর স্তোত্র শ্রবণ করুন।]

সা-	ম-	গ-	পপ	গগ	সাসা	গগ	সাসা	পপ	রেসা	পপ	সাসা	রেরে	সাসা
শ্রীS	জয়	দেব	কS	বেS	রিS	Sদ	মুS	দিS	তS	মুS	দাS	রS	Sম্

নি- ধ- প- | মম নিনি ধধ পপ | সা সাসা নি- | ধপ মগ রেসা পসা |
শৃS মুS SS | স্নুS খS দS ঃS | শু ভS দং | ভS বS সাS রম্ |

রে রে রে | গগ রেরে সাসা সাসা | নি সা প- | রেরে সানি ধধ পপ |
কে শ ব | ধৃS SS তS SS | দ শ বিS | ধS SS কৃS পS |

সাম মগ পপ | পসা রেসা নিধ পসা | নিনি ধধ পপ | মম গপ মগ রেসা |
জয় Sজ যS | জয় জগ দীশ হরে | জয় জয় জয় | জয় জগ দীশ হরে |

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলি ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে ।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে
ম্লেচ্ছান্ মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥

[বেদের উদ্ধারকারী, ত্রিলোকের ভারবহনকারী, ভূমণ্ডল উত্তোলনকারী, হিরণ্যকশিপু বিদারণকারী, বলিকে ছলনাকারী, ক্ষাত্রক্ষয়কারী, দশানন সংহারকারী, হলকর্ষণকারী, করুণাবিতরণকারী, ম্লেচ্ছধ্বংসকারী, দশরূপধারী হে কৃষ্ণ, তোমায় প্রণাম করি ।]

সা ম- গ- | ধধ পপ পসা -সা | সা রে সা | পসা নিধ ধপ মগ |
বে দা নুS | দ্ধS রতে জগ ন্তিS | ব হ তে | ভূগো লমু Sদ্বি ভ্রতে |

ম ধ প | গগ পপ রেরে সাসা | নিসা গম মধ | পম গগ সারে পম |
দৈ ত্য ং | দার য়তে বS লিং | ছল য়তে ক্ষS | ত্রক্ষ যং কুর ব্তে |

সাসা গগ পপ | ধপ রেরে সাসা রেসা | সাসা রেরে গগ | সাম মগ রেসা নিসা |
পৌS লS স্ত্যং | জয় তেS হS লং | কল য়S তেS | কারু Sণ্য মাত ন্বতে |

সাসা	সাসা	রেসা	সাসা	পপ	সানি	ধপ	সা	গ-	গ-	নিনি	ধপ	সানি	ধপ
ম্লেঽ	ঽচ্	ছান্	মূর্	ছঽ	য়ঽ	তেঽ	দ	শাঽ	ঽঽ	কৃঽ	তিঽ	কৃঽ	তেঽ

পপ	পপ	গপ	পপ	গরে	-সা	ম-	পপ	পপ	পপ	পপ	গপ	-প	সাসা
কৃঽ	ষ্ণাঽ	য়ঽ	তুঽ	ভ্যং	ঽন	মঽ	কৃঽ	ষ্ণাঽ	য়ঽ	তুঽ	ভ্যং	ঽন	মঽ

সা	রেরে	সাপ	সসা	পপ	-রে	সাসা
কৃ	ষ্ণাঽ	য়ঽ	তুঽ	ভ্যং	ঽন	মঽ

বিঃ দ্রঃ—'প্রলয়পয়োধিজলে' গানটির শীর্ষদেশে লেখা আছে "মালব রাগেন রূপক তালেন চ গীয়তে"। লোচন কবির মতে 'মালব' রাগ গৌরীসংস্থান বা ভৈরব ঠাটের রাগ। হৃদয় পণ্ডিত এই রাগের স্বররূপ দিয়েছেন "সাগম ধ প সঁ, রেঁ সাঁ নি ধ প। সা ম গ রে সা নি সা"—১৩৫৮ সালের ফাল্গুনে 'বিশ্ববাণী' পত্রিকায় ৺সুরেশচন্দ্র চক্রবর্তী এই তথ্য প্রকাশ করেন।

বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন

জয়দেবের পরেই যিনি রাধা-কৃষ্ণ লীলাকাহিনী নিয়ে গীত রচনা করেন তাঁর নাম বড়ু চণ্ডীদাস[১]। তিনি যে গান রচনা করেছেন তাকে ঠিক বৈষ্ণবগান বলা যায় না। "কৃষ্ণ-ধামালি" নামক এক শ্রেণীর ঝুমুর গানের পদ্ধতিতে এই গান রচিত। এই গানগুলির বেশীর ভাগই আদিরসাত্মক। পায়ে ঘুঙুর বেঁধে, বাদ্যযন্ত্র সহযোগে, আসরে দাঁড়িয়ে এই গান গাওয়া হ'ত। প্রধান চরিত্রে দেখা যায় কৃষ্ণ, রাধা ও বড়ায়িকে। চটুল প্রকৃতির এই গানগুলি গাওয়া হ'ত উত্তর প্রত্যুত্তরের মাধ্যমে।

ভাষাতত্ত্বের খুঁটিনাটি বিচার ক'রে পণ্ডিতেরা শ্রীকৃষ্ণকীর্তনের রচনা-কাল নিয়ে যে সিদ্ধান্তে পৌছেছেন তা থেকে মোটামুটিভাবে ধরা যেতে পারে যে, চর্যাপদের পরে এবং পদাবলীর চণ্ডীদাসের আগে খাঁটী বাংলাভাষায় যদি কোনও গানের বই লেখা হয়ে থাকে তা হচ্ছে শ্রীকৃষ্ণকীর্তন। প্রাচীন যাত্রা, নাটক এবং পাঁচালীর মাঝামাঝি একটা রূপ এই কাব্যে দেখতে পাওয়া যায়।

শ্রীকৃষ্ণকীর্তন-এর কবিতা যে গাওয়ার জন্যই লেখা হয়েছিল সে বিষয়ে কোনও সন্দেহ থাকতে পারেনা। কারণ গ্রন্থে প্রতিটি গীতের শীর্ষে সুর-তালাদির অপেক্ষাকৃত বিস্তৃত নির্দেশ দেওয়া আছে। যে সব রাগরাগিণীতে গানগুলি গাইবার নির্দেশ দেওয়া আছে সেগুলি হ'ল—কোড়া, রামগিরি, বড়াড়ী, গুর্জ্জরী, দেশাখ, পাহাড়ী, ধানুষী, আহের, বেলাবলী, বিভাস, বাগেশ্রী, বসন্ত, পটমঞ্জরী প্রভৃতি। গীতের শীর্ষদেশে ক্রীড়া, রূপক, একতাল, আঠতালা, যতি, লঘুশেখর, দণ্ডক, প্রভৃতি তালের নাম পাওয়া যায়। এখানে উদ্ধৃত গানটির শীর্ষদেশের নির্দেশ অনুসারে 'রামগিরী' রাগে এবং 'রূপক' তালে গানটির স্বরলিপি দেওয়া হল।

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

হের চন্দ্রাবলী রাধা মাঝবৃন্দাবনে।
কুসুমসমূহে শোভে সব তরুগণে ॥
তাত সুললিত ভ্রমরের রোল।
আছুক মানুষ দেবলোক পড়ে ভোল ॥ ১ ॥
রাধা তোর মোর দেখি মাঝবৃন্দাবনে।
আজি সে সফল হন যৌবনে ॥ ধ্রু ॥
শপথ করিআঁ রাধা বোলেঁ। এ বচনে।
তোহ্মার আন্তরে কৈলেঁ। এ বৃন্দাবনে ॥
এক ঠায়ি থুয়িআঁ রাধা মাথার পসার।
ফুল পত্র ফল খাঅ ত্রিভুবনের সার ॥ ২ ॥

১। পণ্ডিত বসন্তরঞ্জন রায় বিষ্ণুপুর থেকে 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুঁথিখানি আবিষ্কার করেন। এই পুঁথির রচয়িতা হিসাবে আমরা বড়ু চণ্ডীদাস-এর নাম পাই। ইতিপূর্বে আমরা পদাবলীর সুললিত মাধুর্য নিয়ে মুগ্ধ ছিলাম। এই পুঁথি 'চণ্ডীদাস' নাম নিয়ে এক বিরাট সমস্যার সৃষ্টি করল যা নিয়ে আজও পণ্ডিতেরা এক মত হ'তে পারেননি। তবে মোটামুটি ভাবে এটা এখন স্থির হয়েছে যে, একাধিক চণ্ডীদাস বর্তমান ছিলেন।

এহা বন আদভূত আছে থানে থানে।
আহ্মা ছাড়ী তাক আন কেহো নাহি জাণে ॥
তোহ্মাক দেখাওঁ লঞা কর আনুমতী ॥
তথাঁক না লইহ লোক কেহো সংহতী ॥ ৩ ॥
সকল শরীর মাঝেঁ তোহ্মে যেন সার।
তেহ্ন সব বন মাঝেঁ এ বন আহ্মার ॥
এহাত উচিৎ হএ তোহ্মার বিলাস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥ (বৃন্দাবন খণ্ড

[ভাবার্থ শ্রীকৃষ্ণ শ্রীরাধিকাকে সম্বোধন ক'রে বলছেন,—'চন্দ্রাবলী রাধা, তুমি দেখ বৃন্দাবনে তরুগুলিতে পুষ্প শোভা পাচ্ছে। সেই সব পুষ্পের ওপরে ভ্রমরের গুঞ্জন। মানুষ তো ছার--দেবতারাও ভ্রমরের সুমধুর গুঞ্জন-ধ্বনি শুনে মুগ্ধ হন। রাধে, তুমি ও আমি আজ এই বৃন্দাবনে মিলিত হয়েছি। তোমার যৌবন সার্থক কর। রাধা, শপথ ক'রে বলো--এই বৃন্দাবন তোমার অন্তরে কিরূপ লাগল। মাথার পসরা একস্থানে রাখো, ফুলের সাজ পর, ত্রিভুবনের মাঝে সুন্দর স্থান এই বৃন্দাবনের ফল ভক্ষণ কর। এই বৃন্দাবনের স্থানে স্থানে এমন সব জায়গা আছে যার সংবাদ আমি ছাড়া আর কেহ জানে না। তুমি অনুমতি করলে তোমাকে সেই সব স্থান দেখাতে পারি—তবে, সঙ্গে অন্য কেউ থাকবে না। মনুষ্যকুলের মধ্যে তুমি যেমন শ্রেষ্ঠ, তেমনি সকল বনের মধ্যে এই বৃন্দাবনটি শ্রেষ্ঠ। এখানেই তোমার বিলাসের উপযুক্ত স্থান।—বাসলী দেবীকে মাথায় রেখে চণ্ডীদাস এই গান গাইলেন।]

পধ	(সা)	সা	নিসা	নি	ধ	প	সা	গ	প	গগ	মগ	রেরে	সা
হেS	র	S	চন্	দ্রা	ব	লী	রা	S	ধা	মাঝ	বৃন্দা	বS	নে

সা	নি	ধ	পধ	সাসা	রেরে	সা	সা	ম	ম	পগ	মগ	রে	সা
কু	সু	ম	সS	মুহে	শোS	ভে	স	S	ব	তS	রুS	গ	নে

গ	গ	প	প	ধ	প	ধ	সা	সা	সাসা	সা	সা	রে	সা
তা	S	ও	সু	ল	লি	ত	ভ্র	ম	রের	রো	S	S	ল

সা	গ	গ	ম	গগ	রে	সা	সা	নি	ধ	প	ধ	রে	সা
আ	ছু	ক	মা	নুষ	দে	ব	লো	S	ক	প	ড়ে	ভো	ল

সা - সা | সা - নি - | ধ সা নি | ধধ ধধ প প |
রা S ধা | তো র মো র | দে S খি | মাঝ বৃন্দা ব নে |

সা গ প | ধ সা নিধ প | নি ধ পগ | ম গ রে সা |
আ জি সে | স S ফS ল | হ S Sন | যৌ ব নে S |

গ প প | পপ ধ প ধ | সা - - | সা সা রে সা |
শ প থ | করি আঁ রা ধা | বো S লোঁ | এ ব চ নে |

সা গ গ | ম গ রে সা | সা নি ধ | প ধধ সা সা |
তো ক্ষা র | আ S শু রে | কৈ লোঁ S | এ বৃন্দা ব নে |

সাসা গ গ | ধধ ধ প গ | নি ধ পধ | নি ধ প ধ |
এক ঠা য়ি | থুয়ি আঁ রা ধা | মা থা রS | প S সা র |

সাসা ম ম | ম - ম - | গ গ প | গ মগ রে সা |
ফুল প ত্র | ফ ল খা অ | ত্রি ভু ব | নে রS সা র |

প গ মগ | সা গ গ গ | প - ধ | প গ মগ রেসা |
এ হা বন | আ দ ভু ত | আ S ছে | থা নে থাS নেS |

নি ধ পপ | সা সা সা সা | ম - ম | গ - প - |
আ ক্ষা ছাড়ী | তা ক আ ন | কে S হ | না হিঁ জা নে |

নি নি নি | সা সারে সা রে | সা নি ধ | গ প নি ধ |
তো ক্ষা ক | দে থাওঁ ল আঁ | ক S র | আ সু ম তী |

প - - | ধ প গ ম | গ - - | রেসা নিসা প গ |
ত থাঁ ক | না ল ই হ | লো ঽ ক | কেহো সং হ তী |

গ গ প | পপ ধ প ধ | র্সা - র্সা | র্সা র্সা র্রে র্সা |
স ক ল | শরী র মা ঝেঁ | তো ঽ ঙ্কো | যে ন সা র |

র্সা র্গ র্গর্গ | ' র্গ র্রে র্সা | র্সা নি ধ | প ধ র্সা - |
তে জ সব | ব ন মা ঝেঁ | এ ব ন | আ ঽ ন্ধা র |

সা গ গ | ধ ধধ প গ | নি ধ পধ | নি ধ প ধ |
এ হা ত | উ চত হ এ | তো ন্ধা রঽ | বি ঽ লা স |

সা ম ম | ম - ম - | গ গ প | গ মগ রে সা |
বা স ন্তী | শি রে ব ন্দী | গা ই ল | চ ণ্ডীঽ দা স |

জনশ্রুতিমূলক গান (Traditional Songs)

সব দেশেই শিক্ষিত লোকের গানের পাশে পাশে অশিক্ষিত বা অল্পশিক্ষিত লোকের দ্বারা রচিত গানের ধারা চলে আসে। ঐ সব গানকেই মোটামুটি ভাবে লোক সঙ্গীত আখ্যা দেওয়া হয়। এই গান প্রায়ই অলিখিত এবং মুখে মুখে এক জনের কাছ থেকে অপরে গ্রহণ করে। এই সব গানের রচনার তারিখ নির্ধারণ করা কঠিন এবং অনেক ক্ষেত্রেই রচয়িতার নাম অজ্ঞাত।

এই গানের একটা বড় অংশই যে শুধু জনশ্রুতি (tradition)-এর ওপর ভিত্তি করে রচিত তা নয়—এই গানগুলিও জনশ্রুতি মূলক (traditional) অর্থাৎ গানগুলি বহুকাল আগে থেকে চলে আসছে। অনেক সময় কিছু অপ্রচলিত ও আপাত দৃষ্টিতে অবাস্তব উপকরণ এই গানগুলির মধ্যে ব্যবহৃত হলেও এদের একটি অন্তর্নিহিত সর্বজনীন আবেদন থাকে, তার দ্বারাই এগুলি কালজয়ী হয়ে অমরত্বলাভ করে। এই ধরণের জনশ্রুতিমূলক গানের বিষয়বস্তু বিচিত্র, বিচিত্র এগুলির সুর।

অজস্র পল্লীগীতি, সাধনসঙ্গীত, আধ্যাত্মিক, দেহতাত্ত্বিক, বাউলগান, আঞ্চলিকগীতি—সব পর্য্যায়েই জনশ্রুতি-মূলক গান পাওয়া যেতে পারে। এখানে নমুনা স্বরূপ তিনটি গান উদ্ধৃত করা হল।

তাল—দাদরা

মিছে কেন ভবঘোরে ঘুরে মর দিবানিশি,
ভবের খেলা সাঙ্গ হলে ফুরাবে তোর হাসিখুশি।
এই যে ভবের বাজারে—আসা যাওয়া কেবল সার
এ ভবেতে কেউ কারো নয়—মিছে ভালোবাসাবাসি।
যারে ভাব আপন আপন, কেউ সঙ্গে যাবে না তখন,
যেদিনেতে মুদবে নয়ন শমন দিবে গলে ফাঁসি।
এই যে অনিত্য দেহ, এ দেহের সদাই সন্দেহ,
এ দেহ পতন হলে পুড়ায়ে করবে ভস্মরাশি।

-	-	গ	ম	ধ	প	গ	ম	গ	রে	সা	-
S	S	মি	ছে	কে	ন	ভ	ব	S	ঘো	রে	S
নি̣	-	নি̣	সা	সা	সা	সা	-	রে	গ	রেগ	রেসা
S	S	ঘু	রে	ম	র	দি	বা	S	নি	শিS	SS
-	-	সা	রে-	ম	-	প	-	-	প	-	-
S	S	ভ	বের	খে	লা	সা	ং	গ	হ	লে	S

প প ধ̱ | প ম - | গ - - | ম - - |
ফু S রা | বে ভো র্ | হা সি S | খু শি S |

- ম- ম | ম ধ - | - নি - | র্সা - - |
S এই যে | ভ বে র্ | S বা জা | রে S আ |

র্গ র্রে- র্সা | নি - - | র্সা - - | - - - |
সা যাও য়া | কে ব ল্ | সা S S | S S র্ |

- - নি | - র্সা র্সা | নি র্সা নি | ধ প - |
S S এ | ভ বে তে | কে উ কা | রো ন য় |

প পধ নি̱ | নি̱ ধ প | ম প গ | ম প - |
মি ছেS S | S ভা লো | বা S সা | বা সি S |

- - গ | - - - | রে - গ | রে সা - |
S S যা | রে ভা ব | আ প ন | আ প ন |

- - সা | রে ম ম | ম প - | প মপ পগ |
S S কে | উ স ঙ্গে | যা বে না | ত খS ন্ |

- - গ | ম প প | প - ধ̱নি̱ | ধ̱ প - |
S S যে | দি নে তে | মু দ বেS | ন য় ন |

ম ম প | ম গ - | গ গ ম | ম ম ম |
শ ম ন্ | দি লে S | গ লে S | ফাঁ সি S |

ম	ধ	ধ	ধ	ধ	নি	নি	সা	সা	সা	-	-
এ	ই	যে	S	অ	S	নি	S	ত্য	দে	হ	S

-	-	সা	গ	রে-	সা	নি	-	নি-	সা	-	-
S	S	এ	দে	হের	স	দা	ই	সন	দে	হ	S

-	-	নি	নি	সা	-	নি	সা	নি	ধ	প	-
S	S	এ	দে	হ	S	প	ত	ন্	হ	লে	S

প	প	ধনি	ধ	প	ধ	ম	প	গ	ম	পধনিধ	পমগ
পু	ডা	য়েS	ক	র্	বে	ভ	S	স্ম	রা	শিSSS	SSS

তাল—কাহারবা।

গুরু, জনম দুঃখীর কপাল মন্দ আমি এক জনা,
আমার দুঃখে দুঃখে জনম গেল,
আমার দুঃখ বিনে সুখ হলো না।
আমার শিশুকালে মরে গেল মা,
গর্ভে রেখে মরল পিতা চোখেও দেখলাম না।
আমায় কে করিবে লালন পালন কে দিবে আমায় সান্ত্বনা।
ওরে ভবের বাজারে ছ'জন চোরে চুরি করে বেঁধলো আমারে,
তারা বিচারেতে খালাস পেল,
আমার হলো জেলখানা, আমি এক জনা।
মনের খেদে দাগা পান,
অন্তিমেতে রেখো, গুরু, যেন না হয় নিধন।
আমি ঐ চরণে শরণ নিব, গুরু, চরণ ছাড়া করবো না।
আমায় চরণ ছাড়া কোরো না।

×   ০   ×   ০

- - গ প | প - প - | ধ সা সা নি | ধ ধ প প |
S S জ ন | ন্ দু খী র্ | ক S পা ল্ | ম ন্ দ S |

প ধ ধ প | ম গ রে সা | সা গ রে গ | সারে গ, সা সা |
আ S মি S | এ ক্ জ S | না S S S | SS S গু রু |

- - প ধ | প সা - - | - - - সানি | সা রে রে রে |
S S আ মা | S র দু খে | S S দু খেS | জ S ন ম্ |

সা সা নি নি- | নি সা - - | সা - সা নি | ধ নি নিসা নি |
গে ল আ মার্ | দু S খ S | বি নে সু খ | হো S লS S |

ধধ প ম গ | নি ধ প ম | ধ প ম গ | গ - - - |
না S S S | S S S S | S S S S | S S গু রু |

×   ০   ×   ০

- - গ গ | গ গ - ম | গ - রে - | গ প প প |
S S আ মা | র্ শি S শু | কা S লে S | ম S রে S |

ধ নি নি নি | - সা - - | সা - সা - | নি সা নি সা |
গে ল মা S | S গ র্ ভে | রে S খে S | ম র্ ল S |

ধ নি ধ প | - প প ধ | - ম- ম প | প - প পপ |
পি S তা S | S চো খে ও | S দেখ্ লা ম্ | না S আ মায় |

সা সা সা গ | গ গ মগ রে | রে রে রে গ | রে রে সা সা |
কে S S ক | রি S বেS S | লা S ল ন্ | পা S ল ন্ |

নি - - র্রে | র্সা - র্সা নি | ধ নি র্সা নি | ধ প, ম গ |

কে S S দি | বে S আ মায় | সা ন্ ত্ব S | না S গু রু |

× ০ × ০

- - সা - | গ - - - | গ - - - | রে - রে গ |

S S ও যে | ভ বে র বা | জা S রে S | চ S জ ন |

রে - সা - | - - গ গ | - ম ধ - | প - মপ - |

চো S রে S | S S চু রি | S ক রে S | বেঁ ধ লোS S |

ম গ গ রেসা | সাগ রেগ গরে সা | - - গ গ | – প প প |

S আ S মাS | রেS SS S S | S S তা রা | বি S চা S |

- প - প | ধ র্সা - নি | ধ - প - | প নি ধ প |

S রে তে S | খা S লা স্ | পে S ল S | আ S মা র্ |

ম - - - | - ম - ম | ম প গ - | - - গ ম |

হ S ল S | S জে ল্ খা | না S S S | S S আ মি |

গ রে - সা | সা রেগ সারেগ রেসা | - - প প | ধ ধ - - |

S এ ক্ জ | না SS SSS SS | S S ম নে | র খে দে S |

ধ - - - | ধ - নি ধপ | - - ধ ধ | র্সা - - - |

দা S গা S | পা S S Sন্ | S S অ ন্ | তি মে তে S |

র্সা র্রে র্রে র্সা | র্সা - নি - | - - নি র্সা | নি ধ প - |

রে S খো S | গু S রু S | S S যে S | ন না হ য় |

ম - ম ধ | প ম গ - | - - সা - | - সা - গ |
নি S ধ S | S S S ন্ | S S আ মি | S ঐ S চ |

গ - - - | রে রে রে গ | রে - সা - | নি - নি সা |
র S ণে S | শ S র ণ্ | নি ব গু রু | চ S র ণ |

সা - সা নি | ধ নি সা নি | প প নি নি- | নি - নি সা |
ছা S ড়া S | কো র্ বো S | না S আ মায় | চ S র ণ্ |

সা - সা নি | ধপ - - - | পনি ধপ মম ম | ম - ম গ |
ছা S ড়া S | কো S রো S | নাS SS SS S | S S গু রু |

তাল—একতাল (ত্রিমাত্রিক)

আশানদীর তীরে এসে কেন বসে আছ মন।
তরঙ্গ হয়েছে ভারী, পার করিবে কখন ॥
একি রে তোর দুষ্ট মতি, হলো নারে কৃষ্ণ মতি,
কর কৃষ্ণে রতি, কৃষ্ণে মতি, কর রে সাধন ॥
আসা যাওয়া ভাবনা কি রে, আসা যাওয়া ঘুরে ফিরে
এবার বুঝি কর্ম কোরে, হারাবে জীবন ॥
যে আশাতে ভবে আসা, মিটুল না মনের আশা।
খেপা বলে করবে আশা ঐ যুগল চরণ ॥

- - গ | গ ম ম- | গ ম গ | রে সা রে |
S S আ | শা ন দীর | তী রে S | এ সে S |

র্সা নি নি | সা রে গ | গ ম - | ম - - |
S S কে | ন ব সে | আ ছ ম | S S ন্ |

- - ম | প- প প | প প ধ | প ধ পম |
S S ত | রং গ S | হ য়ে ছে | ভা রী SS |

ম প - | ম গ - | গ গপ মপ | গম গরে সা |
পা র্ ক | রি বে S | ক খS SS | SS SS ন্ |

- - ম | ধ ধ ধ- | নি - - | নি নি - |
S S এ | কি রে তোব | দু S ষ্ট | ম তি S |

- - র্সা | র্রে র্সা র্রে | নি - - | র্সা - - |
S S হ | ল না বে | কৃ ষ্ ণ | ম তি S |

- - র্সা | র্রে র্গ র্গ | র্রে র্গ র্রে | র্সা র্রে র্সা |
S S ক্ | S র S | কৃ ষ্ ণে | র তি S |

নি র্সা নি | ধ প ধ | প ম সা | রে গ প |
কৃ ষ্ ণে | ম তি S | S S ক | রো রে সা |

ম ম
ধ ন

- - সা | রে ম- - | ম - - | ম - - |
S S আ | সা যাও য়া | ভা ব্ না | কি রে S |

-	-	প	নি	ধ	প	ম	ম	গ	রে	সা	-
S	S	আ	সা	যাও	য়া	ঘু	রে	S	ফি	রে	S
-	-	সা	ধ-	ধ	ধ	প	ধ	নি	ধ	প	-
S	S	এ	বার	বু	ঝি	ক	S	র্ম	ক	রে	S
-	-	ধ	প	গ	গ	ম	-	-	-	-	-
S	S	হা	রা	বে	জী	ব	S	S	S	S	ন্
-	-	ম	ধ	ধ	ধ	নি	-	-	নি	-	-
S	S	যে	আ	শা	তে	ভ	S	বে	আ	সা	S
-	-	সা-	রে	সা	রে	নি	নি	সা	সা	-	-
S	S	মিট্	লো	না	S	ম	নে	র্	আ	শা	S
-	-	নি	নি	সা	-	নি	সা	নি	ধ	প	ধ
S	S	থে	পা	ব	লে	ক	র্	বে	আ	শা	S
ম	নি	ধ	প	ম	গ	ম	-	-	গম	গরে	সা
ঐ	S	ধূ	গ	ল	চ	র	S	S	SS	SS	ন্

—

প্রাচীন যাত্রাগান

বাংলাদেশে যাত্রার প্রচলন বলতে গেলে যোড়শ শতাব্দীর পর থেকেই। 'যাত্রা' শব্দের মূল অর্থ হচ্ছে দেবপূজায় উৎসবে ও রাজকীয় সমারোহে শোভাযাত্রা এবং সেই উপলক্ষে নাট্য-গীত। সেকালে যাত্রায় কোন বাঁধা পালা থাকত না। পাত্র-পাত্রীরা নিজেদের জ্ঞান ও উপস্থিত বুদ্ধি খাটিয়ে সংক্ষেপে আবৃত্তি বা গান করতো। অনেক সময় গানগুলো নির্দ্দিষ্ট থাকতো—নটেরা মুখে মুখে জোগাতো সংলাপ। যোড়শ শতাব্দীর শেষে অথবা সপ্তদশ শতাব্দীর গোড়ায় এরূপ বাঁধা গানের কয়েকটি পালা মিথিলা ও বাংলাদেশ থেকে নেপালে চলে যায়।

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে একটি সংস্কৃতশ্লোকপূর্ণ প্রাচীন পদ্ধতির যাত্রা-পালার নিতান্ত অসম্পূর্ণ আদর্শ পাওয়া যাচ্ছে ভারতচন্দ্রের চণ্ডী নাটকে। পরবর্ত্তী যুগের যাত্রার উদ্ভব হয় পাঁচালী থেকে। বলা বাহুল্য পাঁচালীতে মূল গায়েন বা পাত্র একজন থাকে, কিন্তু যাত্রায় একাধিক—সাধারণতঃ তিন জন।

অপেক্ষাকৃত আধুনিক কালে কতকগুলো যাত্রাভিনয়ের উল্লেখ পাওয়া যায়, তার মধ্যে শ্রীকৃষ্ণ-যাত্রা সবচেয়ে প্রাচীন। বাঁধাপালায় যাঁরা খ্যাতিলাভ করেন তাঁদের মধ্যে গোবিন্দ অধিকারী (এঁর একটি টপ্পাঙ্গের গানের স্বরলিপি দেওয়া হয়েছে), তাঁর শিষ্য নীলকণ্ঠ মুখোপাধ্যায় এবং কৃষ্ণকমল গোস্বামীর গানের স্বরলিপি দেওয়া হ'ল।

রচনা—কৃষ্ণকমল গোস্বামী। রাগ—খাম্বাজ (মিশ্র)
পালা—স্বপ্নবিলাস। তাল—একতাল

শোন ব্রজরাজ স্বপনেতে আজ দেখা দিয়ে
গোপাল কোথায় লুকালে।
যেন, সে চঞ্চল চাঁদে, অঞ্চল ধরে কাঁদে,
"জননী, দে ননী দে ননী" ব'লে॥
নীল কলেবর ধূলায় ধূসর
বিধুমুখে যেন কত মধুর স্বর,
সঞ্চারিয়ে ডাকে "মা" ব'লে।
কত কাঁদে বাছা বলি, "সর সর",
আমি অভাগিনী বলি, "সর সর",
নাহি অবসর, কেবা দিবে সর
"সর! সর!", বলি ফেলিলাম ঠেলে॥
ধূলা ঝেড়ে কোলে তুলে নিলাম চাঁদ
অঞ্চলে মুছালেম চাঁদের বদন চাঁদ
পুনঃ চাঁদ কাঁদে "চাঁদ, চাঁদ", ব'লে।

যে চাঁদ নিছনি কোটি চাঁদ ছাঁদ
সে কেন কাঁদিবে বলি, "চাঁদ চাঁদ"
বল্লেম, "চাঁদের মাঝে তুই অকলঙ্ক চাঁদ
ঐ দেখ্ চাঁদ আছেরে তোর চরণ-তলে" ॥

×			২			০			৩		
সা	গ	গ	গ	গ	-ম	ম	প	প	প	গমপধ	নিসা
শো	নো	ত্র	জ	রা	Sজ	স্ব	প	নে	তে	আSSS	Sজ
সা	নিসারেসারে	নি	ধ	পধ	পধ	ম	গমধপ	ম	গ-	সা	নি
দে	খাSSSS	দি	য়ে	গোS	পাল	কো	থাSSয	লু	কাS	লে	S
সা	গ	গ	গ	গ	-ম	ম	প	প	প	গমপধ	নিসা
শো	নো	ত্র	জ	রা	Sজ	স্ব	প	নে	তে	আSSS	Sজ
সা	নিসারেসা	নি	নিধপ	পধ	পধ	ম	গম	গ	রেগ	সা	নিনি
দে	খাSSS	দি	য়েSS	গোS	পাল	কো	থায়	লু	কাS	লে	যেন
নি	সা-	সা	সা-	সা	সা	নি-	সা-	নি	পধনিসারে	সা	নি
সে	চন্	চ	Sল	চাঁ	দে	অন্	চল্	ধ	রেSSSS	কাঁ	দে
নি	সা	সা	নিসারে	নি	ধ	পধ	মপধ	মগ	রেগ	সা	নি
জ	ন	নী	দেSS	ন	নী	দেS	নSS	নীS	বS	লে	S
×			২			০			৩		
সা	-সা	সা	নিসারে	সা	নি	সা	গ	গ	সারেগমপ	ম	গ
নী	Sল	ক	লেSS	ব	র্	ধূ	লা	য়	ধূSSSS	স	র

ম প প | প প পধসানিধপ | প ধ পধ | গপ ম গ |
বি ধু মু | খে যে নSSSSS | ক ত মS | ধুব স র |

সা- গ গ | গ গ মগ | রেগ মধপধ ম | গ - - |
সন্ চা রি | যে ডা কেS | মাS SSSS ব | লে S S |

ম প প | নি নি নিসা | সা সা সা | -নি সা সা |
ক ত কাঁ | দে বা ছা | ব লি স | Sব স র্ |

প সা সা | নিসারে সা নি | প নি নি | সারে সা নি |
আ মি অ | ভাSS গি নী | ব লি স | Sব্ স র্ |

ম প প | প প প | প ধ পধ | গপ ম গ |
না হি অ | ব স ব | কে বা দিS | বেS স র |

ধ - ধ | - নি ধ | পধ গপ মগ | রেগ সা নি |
স র্ স | র ব লে | ফেS লিS য়াম | ঠেS লে S |

× ২ ০ ৩
সা সা সা | নিসা সা নি | সা গ গ | সারেগমপ ম গ |
ধূ লা ঝে | রেS কো লে | তু লে নি | লাS SSম চাঁ দ |

ম- প প | প প পধ | প ধ- পধ | গপ মগ সারে |
অন্ চ লে | মু ছা লেম | চাঁ দের বS | দন চাঁদ পুন |

গ গ- গ | গ গ ম | রেগ মপ ম | গ - - |
চাঁ Sদ কাঁ | দে চাঁ দ | চাঁS Sদ ব | লে S S |

ম প প | নি নি নি | সা সা সা | সা - - |
যে চাঁ দ | নি ছ নি | কো টি চাঁ | দ ছাঁ দ |

প সাঁ সাঁ | নিসাঁরেঁ সাঁ নিপ | প নি নি- | সাঁরে সাঁনি গ-ম |
সে কে ন | কাSS দি বেS | ব লি চাঁS | Sদ ছাঁদ বল্লেম |

ম প- প | প পধ সাঁনিধ | প ধ পধ | গপ মগ গম- |
চাঁ দের মা | ঝ তুS SSই | অ ক লং | কS চাঁদ ঐদেখ |

ধ -- ধ | - নি ধ- | পধ গপ মগ | রেগ সা নি |
চাঁ Sদ আ | ছে রে তোর | চS রS Sণ | তS লে S |

রচনা—গোপাল উড়ে
(বিদ্যাসুন্দর যাত্রা)

রাগ—ভৈরবী
তাল—আড়্‌খেমটা

ঐ দেখা যায় বাড়ী আমার
চাদ্দিকে (চার্‌দিকে) মালঞ্চের বেড়া,
ভ্রমরাতে গুণ্‌ গুণ্‌ করে,
কোকিলেতে দিচ্ছে সাড়া ॥
ময়ুর ময়ুরী সনে,
আনন্দিত কুসুম বনে ;
আমার এই ফুলবাগানে,
তিলেক নাই বসন্ত-ছাড়া ॥
যদি অনুগ্রহ করে, এস এ অধিনীর ঘরে,
যত্ন ক'রে রাখি তোরে,
বারেক না করি ছাড়া ॥

×			২			০			৩		
-	-	সা	প	-	প-	প	নিধ	প	মপ	ম	ম
S	S	ঐ	দে	খা	যায়	বা	ড়ীS	S	আS	মা	র্
সা	সা	রে	গ	ম	ম	গরে	মগ	রে	সা	-	-
চা	S	দ্দি	কে	মা	S	লন্	চের্	বে	ড়া	S	S
-	-	নি	সা	গ	ম	প-	প	ধনি	ধ	প	-
S	S	ভ্র	ম	রা	তে	গুণ	গু	Sণ্	ক	রে	S
গ	গ	গ	ম	ম	ম	গরে	মগ	রে	সা	-	-
কো	কি	S	লে	তে	S	দিS	চ্ছেS	সা	ড়া	S	S
-	-	গ	ম	ধ	নি	সা	সা	নি	রে	সা	সা
S	S	ম	য়ূ	র	ম	য়ূ	রী	S	স	নে	S
S	S	য	দি	অ	মু	গ্র	হ	S	ক	রে	S
-	-	নি	নি	সা	-	নি	রেরে	সানি	ধ	প	-
S	S	আ	নন্	দি	ত	কু	সুS	Sম্	ব	নে	S
S	S	এ	স	এ	অ	ধি	নীS	Sর্	ঘ	রে	S
-	-	প	গ	রে	গ	সা	-	রে	নি	সা	সা
S	S	আ	মার্	এ	ই	ফু	ল	বা	গা	নে	S
S	S	য	ত্ন	ক	রে	রা	খি	S	তো	রে	S
প	নিধ	সানি	ধ	ধ	প	গ-	গ	রে	গ	-	-
ভি·	লেS	Sক্	না	ই	ব	সন্	ত	ছা	ড়া	S	S
বা	রেS	Sক্	না	S	ক	রি	S	ছা	ড়া	S	S

রচনা—নীলকণ্ঠ মুখোপাধ্যায়

রাগ—ভৈরবী (মিশ্র)
তাল—একতাল (ত্রিমাত্রিক)

হরি কখন কি কর কারে
তোমার কে জানে সন্ধান, ওহে ভগবান
কৃপাবান হলেন এ ভব সংসারে ॥
শতপুত্র দিয়ে রক্ষা কর কায়
একপুত্র দিয়ে রক্ষা নাহি পায়,
কখন হাসায়, কখন কাঁদায়,
সিন্ধু পার ক'রে ডুবাও শিশিরে ॥
সিংহ সম জনে কর শৃগালের অধীন,
লক্ষপতি জনে কর পরের পরাধীন,
তোমার প্রভু এমনি হৃদয় কঠিন,
পথের ভিখারী কর রাজ-রাজেশ্বরে।
নীলকণ্ঠের মনে এই অভিলাষ
জেনেও কি জাননা ওহে শ্রীনিবাস,
কখন সুযশ, কখন কুযশ,
পতঙ্গের জয় কর মাতঙ্গ সমরে ॥

×			২			০			৩		
-	-	-	-	সা	রে	গ	ধ	প	গ	সা	ধনি
S	S	S	S	হ	রি	ক	খ	ন	কি	ক	র
সা		সা	-	সা	সা-	নি	সা	ধা	নি	সা	সা
কা	S	রে	S	তো	মার	কে	জা	নে	সন্	ধা	ন্
সা	গ	গ	রে	মগ	গসা	সা	প	পধ	মপ	মগ	ম-
ও	হে	ভ	গ	বা	Sন্	কৃ	পা	বাS	Sন্	হ	লেন

প	নি	ধনি	পনি	ধ	প	গ	ধ	প	গ	সা	ধনি
এ	ভ	বS	সং	সা	বে	ক	খ	ন	কি	ক	র
সা	-	সা									
কা	S	রে									

×			২			০			৩		
-	-	-	-	-	-	প	-	প	মপ	গ	ম
S	S	S	S	S	S	শ	ত	পু	ত্রS	দি	য়ে
ম	নিধ	নিসা	ধনি	সা	সা	রে	রে	রে	সা	রে	সানি
র	ক্ষা	কS	র	কা	য়	এ	ক	পু	ত্র	দি	য়ে
নি	সা	ধ	নি	সা	সা	সা	গ	গ	রে	গ	গ
ব	ক্ষা	না	হি	পা	য়	ক	খ	ন	হা	সা	য়
রে	রে	রেগ	সারে	নি	নি	সা	নি	রে	সা	নিধ	প
ক	খ	Sন্	কাঁ'S	দা	য	সি	ন্ধু	পা	র	কো	রে
প	নি	ধনি	পধ	গ	গ						
ডু	বা	Sও	শিS	শি	বে						

						০			৩		
						-	-	সাসা	নি	সা	ধ
						S	S	সিংহ	স	ম	জ
×			২			০			৩		
নি	সা	সা	গ	গ	গ-	রে	গ	গ	-	-	রেরে
নে	ক	র	শৃ	গা	লের্	অ	ধী	ন	S	S	লক্ষ

রে রে রে | রে গ ম | গ ম- গ | রে সা - |
প তি জ | নে ক র | প রের প | রা ধী ন |

- - - | সা প- প | প প- প | প প ধ |
S S S | তো মার প্র | ভু এম্ নি | হৃ দ য় |

মপ গ- গগ | গ ম ম | ম ধম ম | গ - গ |
কS ঠিন পথের | ভী খা রী | ক র S | রা জ রা |

রে গ রে | সা - - |
জে S শ্ব | রে S S |

০ ৩
প- প ম | -প গ ম |
নীল ক ণ্ঠে | Sর ম নে |

× ২ ০ ৩
ম ধ নিসা | ধনি সা সা | ধ রে- রে | রে - রে |
এ ই অS | ভীS লা ষ | জে নেও কি | জা ন না |

সা গ রে | গ রে সা | সা গ গ | রে গ গ |
ও হে শ্রী | নি বা স | ক খ ন | সু য শ |

রে রে রেগ | সারে নি নি | সা নি গরে | সা নি- ধপ |
ক খ Sন্ | কুS য শ | প ত ঙ্গে | র্ জয় কর |

প নি ধনি | পধ প গ |
মা ত ঙ্গS | সS ম রে |

রচনা—নীলকণ্ঠ মুখোপাধ্যায় — রাগ—সুরট

তাল—একতাল (ত্রিমাত্রিক)

ও মন ভাবলে বল কি আর হবে,
ওরে যা আছে কপালে ফল্‌বে কালে কালে
কর্ম্মসূত্রের ফল আপনি ফলিবে ॥
বিধি যা লিখেছেন কপাল উপরে
কার সাধ্য তাহা খণ্ডাইতে পারে,
বল, বুদ্ধি, বিদ্যা পৌরুষে কি করে,
যাহা ঘটিবার তা ঘটিবে ॥
বনবাসী হ'যে যোগী ঋষিগণ,
যাঁর ধ্যানে তাঁরা সতত মগন,
তথাপি অন্ত পায়না যখন,
অন্যে কেমনে বুঝিবে ॥
কণ্ঠ কয় একবার ভাবরে অদৃষ্ট,
অদৃষ্টের ফল মিলাইবেন কৃষ্ণ,
কর ঐ পদে মন ইষ্ট নিষ্ট,
এ ভব যন্ত্রণা যাবে ॥

×			২			০			৩		
			রে	রেগ	মপ	ম-	ম	মগ	রে	নি	সা-
			ও	মS	Sন	ভাব	লে	বS	ল	কি	আর
গ	রে	-	-	ম	ম	ম	ম	ম	প	প	প
হ	S	বে	S	ও	রে	যা	আ	ছে	ক	পা	লে
ম-	প	নি	নিসা	সা	সা	প	পনিসারে	সা	নি-	ধ	প
ফল্	বে	কা	লেS	কা	লে	ক	র্মSSS	সু	ত্রের	ফ	ল্
ম	ম	গরে	গ	ম	ম						
আ	প	নিS	ফ	লি	বে						

০ ৩

ম প প | নি নি নি- |
বি ধি যা | লি খে ছেন |

× ২ ০ ৩

নি র্সা র্সা | র্সা র্সা র্সা | নি নি নি | ধ প ধ |
ক পা ল | উ প রে | কা র সা | ধ্য তা হা |

নি- র্সা র্সা | নি ধ প | ম ম ম | ম ম ম |
খন্ ডা ই | তে পা রে | ব ল্ বু | দ্ধি বি দ্যা |

ম প নি | নি র্সা র্সা | প পনির্সার্রে র্সা | নি ধ প |
পৌ রু ষে | কি ক রে | যা হাSSS ঘ | টি বা র |

ম গ রে | গ ম ম |
তা ঘ S | টি বে S |

০ ৩

